

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যোগন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বাস্তবায়নাধীন বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচীর আওতায় ক্রয়কৃত নির্মাণ ও সহায়তা সামগ্রীর উপর মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

নং ২৩/মূসক/২০২০।—যেহেতু, ‘মুজিব বর্ষ’ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বাস্তবায়নাধীন বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কার্যক্রমের আওতায় গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হইয়াছে এবং এই ক্ষেত্রে ‘আশ্রয়ণ প্রকল্প-২’ এর নীতিমালা অনুসৃত হইবে; এবং প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদন করা গেলে বাংলাদেশের মানবিক ভাবমূর্তি উজ্জ্বল হওয়ার পাশাপাশি আন্তর্জাতিকভাবে বাংলাদেশের অবস্থান আরো সমুদ্ধিত হইবে; এবং

যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড হইতে বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪, তারিখ : ২৮ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ইতোপূর্বে ‘আশ্রয়ণ প্রকল্প-২’ এর অধীনে বাংলাদেশের ভূমহীন নাগরিকদের জন্য গৃহ নির্মাণ ও অন্যান্য কাজের জন্য ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর ‘যোগানদার’ সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর ও সম্পূর্ণ শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচীর আওতায় ক্রয়কৃত নির্মাণ ও সহায়তা সামগ্রীর উপর শুধুমাত্র ‘যোগানদার’ সেবার বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল :

( ১৩৪৩৭ )

মূল্য : টাকা ৪.০০

**শর্তাবলি :**

- (ক) এই অব্যাহতি সুবিধা “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” কর্মসূচি সম্পাদনের ক্ষেত্রে শুধুমাত্র ‘যোগানদার’ সেবার ক্ষেত্রে প্রযোজ্য হইবে। অন্য কোন সেবা বা পণ্য সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবে না;
- (খ) প্রকল্প কার্য সম্পাদনে প্রাথমিক কার্যাদেশে উল্লিখিত চুক্তিমূল্য কোনভাবেই পরিবর্তন করা যাইবে না এবং পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের শুল্ক-কর বাবদ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে সমন্বয় বা উপযোজন করা যাইবে না; এবং
- (গ) যেই সকল ক্ষেত্রে এই আদেশের আওতায় মূসক অব্যাহতি প্রাপ্ত হইবে সেই সকল ক্ষেত্রে যাবতীয় হিসাব ও ব্যয় বিবরণী “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অর্থ পরিশোধের পনের (১৫) দিনের মধ্যে অবহিত করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন  
প্রথম সচিব (মূসক নীতি)।